দৈনিক খবর

তারিখ 02 NOV 1991

পৃষ্ঠা 2 কলাম 6

১৩৭

# চ. বি. শিক্ষক সমিতি তাঁরা কেউ নির্বাহী কমিটির সদস্য নন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ ইফতেখার উদ্দিন চৌধুরী স্বাক্ষরিত এক বিবৃতিতে বলেছেন যে, সম্প্রতি সমিতির কর্মকর্তা পরিচয় দিয়ে যারা শিক্ষা প্রতিমন্ত্রী'র সাথে সাক্ষাৎ করেছেন তাঁরা সমিতির বর্তমান কার্যনির্বাহী পরিষদের সদস্য নন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষে প্রদত্ত উক্ত বিবৃতিতে বলা হয়ঃ ১৯৯০ সনের মেয়াদ উত্তীর্ণ কার্যনির্বাহী পরিষদের কতিপয় কর্মকর্তা দীর্ঘদিন যাবৎ ১৯৯১ সালের সমিতির নির্বাচন না দিয়ে ক্ষমতা কুক্ষিগত করে একটি সন্ত্রাসী ছাত্র সংগঠনের যোগসাজশে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে অচল করে রাখার ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। তাদেরই প্রত্যক্ষ উস্কানি ও মদদপুষ্ট হয়ে ঐ সন্ত্রাসী গোষ্ঠী ১৯৯০ সালের ২২শে ডিসেম্বর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সংঘটিত করে সেই কলংকিত ও মর্মন্তুদ ঘটনা। যার ফলে অকালে প্রাণ হারায় একজন মেধাবী ছাত্র ফারুখউজ্জামান ফারুখ। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ১৯৯১ সালের কার্যনির্বাহী পরিষদ নির্বাচন বিগত ৩০-৯-৯১ তারিখ সম্পন্ন হয়েছে। লক্ষ্য করা যাচ্ছে, বিগত কার্যনির্বাহী পরিষদের ঐ সব কর্মকর্তা নিজেদের শিক্ষক সমিতির বর্তমান কার্যনির্বাহী পরিষদের কর্মকর্তা পরিচয় দিয়ে সরকার ও জনমনে বিভ্রান্তি ছড়ানোর অপচেষ্টা অদ্যাবধি অব্যাহত রেখেছে। আমরা তাঁদের এহেন কার্যকলাপ থেকে বিরত থাকার আহবান জানাচ্ছি।